

বর্তমান

কলকাতা, মঙ্গলবার ১ আগস্ট ২০১৭,
১৬ শ্রাবণ ১৪২৪

কল্যাণীর সঙ্গে ট্রপিক্যালের মউ

বিএনএ, বারাকপুর: সোমবার কলকাতা স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনের রি-জেনারেটিভ মেডিসিন বিভাগের সঙ্গে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের মউ স্বাক্ষরিত হল। এই বিভাগের ছাত্রছাত্রীরা গবেষণা করার জন্য যে সব সুযোগ সুবিধা পেয়ে থাকেন, এবার বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরাও সেই সুযোগ-সুবিধা পাবেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শংকরকুমার ঘোষ বলেন, কল্যাণীতে মেডিকেল কলেজ হাসপাতাল রয়েছে। এইমস তৈরি হচ্ছে। ওই সব সংস্থার ছাত্রছাত্রীদের এই ধরনের গবেষণায় লিড দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। মলিকিউলার মেডিসিন ও জেনেটিক ইঞ্জিনিয়ারিংয়ের উপর আমরা গুরুত্ব দিচ্ছি। এর সুযোগ-সুবিধাও আমরা সমাজের মধ্যে ছড়িয়ে দিতে চাইছি।

এই সময়



স্টেম সেল নিয়ে গবেষণার জন্য কল্যাণী বিশ্ববিদ্যালয় ও স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনের রি-জেনারেটিভ মেডিসিন বিভাগের মধ্যে মৌ স্বাক্ষরিত হল